রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৩০, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ শ্রাবণ ১৪১৩/৩০ জুলাই ২০০৬

এস, আর, ও নং ১৮৯-আইন/২০০৬।—বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বেসরকারী শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১নং আইন);

(খ) **"কর্তৃপক্ষ"** অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বেসরকরী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ;

(গ) **"ডিগ্রী"** বা **"ডিপ্লোমা"** বা **"সার্টিফিকেট"** অর্থ ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত ইনস্টিটিউট, স্বীকৃত প্রতিষ্ঠান বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট;

(ঘ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;



মূল্য ঃ টাকা ১২.০০

(ঙ) **"পরীক্ষা"** অর্থ আইনের ধারা ৮ এর দফা (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে গৃহীত পরীক্ষা;

(চ) **"পদ"** অর্থ দ্বিতীয় তফসিলে উল্লিখিত কোন পদ;

(ছ) **"প্রত্যয়নপত্র"** অর্থ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা পেশায় নিয়োগের যোগ্যতা নির্দেশক প্রত্যয়নপত্র;

(জ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ দ্বিতীয় তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ঝ) **"প্রার্থী"** অর্থ প্রত্যয়নপত্র লাভের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কোন ব্যক্তি;

(ঞ) **"ফরম"** অর্থ এই বিধিমালার চতুর্থ তফসিলের সহিত সংযোজিত কোন ফরম;

(ট) **"স্বীকৃত ইনস্টিটিউট"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত কোন ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান;

(ঠ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) **"স্বীকৃত বোর্ড"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ৰং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়নের জন্য পরীক্ষা গ্রহণ।**—(১) শিক্ষক হিসাবে নিবন্ধন ও প্রত্যয়নের জন্য প্রার্থীদের যোগ্যতা নিরূপণ ও এতদ্বিষয়ে প্রত্যয়নপত্র প্রদানের উদ্দেশ্যে কর্তৃপক্ষ প্রতি পঞ্জিকা বর্ষে অন্ততঃ একবার পরীক্ষা গ্রহণ করিবে।

(২) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট এবং প্রয়োজনবোধে, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য স্থানে এই পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

(৩) শিক্ষক নিয়োগের জন্য প্রতিটি বিষয়ে নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নের সমন্বয়ে লিখিত পরীক্ষা গ্রহণ করিতে হইবে।

(৪) পরীক্ষা গ্রহণের অন্যূন ষাট দিন পূর্বে পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত বিস্তারিত সময়সূচী এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্য সম্বলিত বিজ্ঞপ্তি কমপক্ষে বহুল প্রচারিত দুইটি বাংলা ও দুইটি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় এবং অন্যান্য গণমাধ্যমেও প্রচার করিতে হইবে।

(৫) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কার্যকর হইবার পর প্রথমবার পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে উপ-বিধি (৪) এ উল্লিখিত ষাট দিনের কম সময় পূর্বেও পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রচার করা যাইবে।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী।**—কোন প্রার্থী এই বিধিমালার অধীন নিবন্ধন ও প্রত্যয়নের জন্য অনুষ্ঠিতব্য পরীক্ষায় যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি—

(ক) তিনি যে পদে নিবন্ধিত হইতে ইচ্ছুক, সেই পদের জন্য তাহার প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকে;

(খ) তিনি বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(গ) তিনি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(ঘ) তিনি কোন সরকারী বা বেসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হইতে বরখাস্ত হইয়া থাকেন এবং উক্ত বরখাস্তের তারিখ হইতে ২ (দুই) বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে;

(ঙ) তিনি কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত কারণে যে কোন মেয়াদে কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইয়া থাকেন;

(চ) তিনি উক্ত পদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরমে আবেদন না করেন বা নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল না করেন; এবং

(ছ) তিনি কোন সরকারী বা বেসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল না করেন।

৫। **আবেদনপত্র দাখিল, পরীক্ষার ফিস ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত আবেদনপত্র দাখিলের জন্য জারীকৃত বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের সচিব বরাবরে আবেদন করিতে হইবে এবং উক্ত নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত সকল আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) একজন প্রার্থী দ্বিতীয় তফসিলের কলাম (২) এ উল্লিখিত যে পদের জন্য নিবন্ধিত হইতে ইচ্ছুক আবেদনপত্রে তাহা উল্লেখ করিতে হইবে।

(৩) কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থান হইতে প্রথম তফসিলে উল্লিখিত নির্ধারিত মূল্যে রসিদ গ্রহণের মাধ্যমে আবেদন ফরম ক্রয় করিতে হইবে।

(৪) পরীক্ষায় অংশগ্রহণের জন্য চতুর্থ তফসিলে বর্ণিত ফরম-১ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং আবেদনপত্র ফরমের কোন ফটোকপি গ্রহণযোগ্য হইবে না।

(৫) আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজাদি সংযোজন করিতে হইবে, যথা ঃ—

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের চার কপি ছবি;

(খ) সিটি কর্পোরেশনের মেয়র বা কমিশনার অথবা পৌরসভার চেয়ারম্যান বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদের কপি; এবং

(ঘ) কর্তৃপক্ষের সচিবের অনুকূলে, প্রথম তফসিলে উল্লিখিত পরীক্ষার ফি বাবদ, কোন রাষ্ট্রায়ত্ব বাংকের ২৫০.০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

(৬) কোন আবেদনপত্র অসম্পূর্ণ থাকিলে কিংবা আবেদনপত্রের সহিত উপ-বিধি (৫) এ বর্ণিত কাগজপত্র সংযোজিত না থাকিলে কর্তৃপক্ষ উহা বাতিল করিতে পারিবে।

৬। **আবেদনপত্র বাছাই।**—বিধি ৫ এ উল্লিখিত আবেদনপত্র দাখিলের নির্ধারিত সময় অতিক্রান্ত হইবার পর বিধি ৭ এর বিধান সাপেক্ষে, কর্তৃপক্ষ আবেদনপত্র বাছাই করিয়া বৈধ আবেদনপত্রগুলি চতুর্থ তফসিলের ফরম ২ এ উল্লিখিত রেজিস্টারে অন্তর্ভুক্ত করিবে।

৭। **প্রবেশপত্র।**—(১) কর্তৃপক্ষ বিধি ৬ এ উল্লিখিত রেজিস্টারে অন্তর্ভুক্ত বৈধ প্রার্থীগণের অনুকূলে পরীক্ষা গ্রহণের তারিখের অন্ততঃ একমাস পূর্বে রোল নম্বর, পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান উল্লেখ করিয়া ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রবেশপত্র প্রেরণ করিবে।

(২) কোন প্রার্থী উপ-বিধি (১) এর অধীন প্রেরিত প্রবেশপত্র না পাইলে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ কর্তৃপক্ষের সচিব বরাবর আবেদন করিতে পারিবেন এবং সচিব প্রার্থীর আবেদন বিধি ৬ এর আলোকে পরীক্ষা করিয়া তাহার অনুকূলে বিনামূল্যে ডুপ্লিকেট প্রবেশপত্র সরবরাহ করিবেন।

৮। **পরীক্ষার বিষয়সমূহ।**—(১) এই বিধিমালার অধীন তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহে লিখিত পরীক্ষা গ্রহণ করিতে হইবে।

(২) তৃতীয় তফসিলের প্রথম অংশে উল্লিখিত বিষয়সমূহ সকল প্রার্থীর জন্য আবশ্যিক বিষয় হইবে।

(৩) দ্বিতীয় তফসিলেল সহকারী মৌলভী, ইবতেদায়ী প্রধান, জুনিয়র মৌলভী ও ইবতেদায়ী ক্বারী পদসমূহের জন্য ক্ষেত্রমত, ফাজিল, আলিম বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রার্থীর পদের সহিত সংশ্লেষ রহিয়াছে এমন বিষয় বা বিষয়সমূহে পরীক্ষা গ্রহণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত পদসমূহ ব্যতীত দ্বিতীয় তফসিলের—

(ক) কলেজ, আইন মহাবিদ্যালয়, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসার কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (অ) তে উল্লিখিত বিষয়সমূহ হইতে তাঁহার প্রার্থিত পদসংশ্লিষ্ট একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উল্লেখ করিবেন;

(খ) মাধ্যমিক বা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (আ) তে উল্লিখিত বিষয়সমূহের মধ্য হইতে ক্রমিক নং ২২, ২৩ ও ২৪ এ উল্লিখিত বিষয়সমূহ ব্যতীত স্নাতক স্তরে তাহার পাঠ্যসূচীভুক্ত ছিল পদ সংশ্লিষ্ট এমন একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উল্লেখ করিবেন;

(গ) দাখিল স্তরের কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (আ) তে উল্লিখিত বিষয়সমূহের মধ্যে ক্রমিক নং ২২, ২৩ ও ২৪ এ উল্লিখিত বিষয়সমূহ ফাজিল স্তরে তাহার পাঠ্যসূচীভুক্ত ছিল, পদসংশ্লিষ্ট এমন একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উল্লেখ করিবেন; এবং

(ঘ) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (ই) তে উল্লিখিত বিষয়সমূহের মধ্যে হইতে তাঁহার পদ সংশ্লিষ্ট একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উল্লেখ করিবেন।

(৫) কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, সকল প্রকারের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জন্য তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহের পৃথক পৃথক সিলেবাস ও নম্বর নির্ধারণ করিবে।

৯। **উত্তর পত্র ও ফলাফল, ইত্যাদি।**—(১) উত্তরদানের সাধারণ ভাষা হইবে বাংলা, তবে কোন প্রার্থী বিষয় ভিত্তিক কারণে আবেদনপত্রে ঘোষিত অন্য যে কোন ভাষায় উত্তর প্রদান করিতে পারিবে।

(২) পরীক্ষায় পাসের জন্য একজন প্রার্থীকে প্রত্যেক বিষয়ে পৃথকভাবে অন্ততঃ শতকরা ৪০ নম্বর পাইতে হইবে।

(৩) কর্তৃপক্ষ পরীক্ষা শেষ হইবার অনধিক নব্বই (৯০) দিনের মধ্যে ফলাফল প্রকাশ করিবে এবং এই ফলাফল বাংলাদেশ গেজেটেও প্রকাশ করিতে হইবে।

(৪) পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল বলিয়া বিবেচিত হইবে এবং কোন প্রার্থী বা তাহার কোন প্রতিনিধিকে ইহা কখনও দেখানো হইবে না।

(৫) পরীক্ষার উত্তরপত্র ফলাফল প্রকাশের তারিখ হইতে প্রয়োজন অনুযায়ী সর্বোচ্চ দুই (২) বৎসর পর্যন্ত সংরক্ষণ করা হইবে।

১০। **কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থী নিবন্ধন ও প্রত্যয়ন পত্র প্রদান।**—(১) বিধি ৯ এর উপ-বিধি (৩) অনুযায়ী পরীক্ষার ফল প্রকাশের অনধিক নব্বই (৯০) দিনের মধ্যে কর্তৃপক্ষ উত্তীর্ণ প্রার্থীগণকে তাহাদের শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত মূল সনদসহ অন্যান্য কাগজাদি যাচাই করিয়া চতুর্থ তফসিলে বর্ণিত ফরম-৩ অনুযায়ী শিক্ষক নিবন্ধন রেজিস্টারে নিবন্ধন করিবে এবং ফরম-৪ অনুযায়ী প্রত্যয়ন পত্র প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী প্রত্যয়ন পত্র প্রদানের জন্য কর্তৃপক্ষ প্রথম তফসিলে উল্লিখিত নির্ধারিত হারে ফিস গ্রহণ করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত প্রত্যয়ন পত্র কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সচিব কর্তৃক স্বাক্ষরিত হইবে।

১১। **শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের নিবন্ধন ও প্রত্যয়ন।**—কর্তৃপক্ষের নিবন্ধন ও প্রত্যয়নপত্র ব্যতীত কোন ব্যক্তি কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের দ্বিতীয় তফসিলে উল্লিখিত কোন পদে শিক্ষক হিসাবে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

১২। **মিথ্যা তথ্য প্রদান ইত্যাদির দণ্ড।**—(১) যদি কোন প্রার্থী তাঁহার আবেদন পত্রে মিথ্যা তথ্য প্রদান করেন কিংবা কোন তথ্য গোপন করেন কিংবা তাঁহার শিক্ষাগত যোগ্যতা বা জাতীয়তা সনদ বা বয়স সম্পর্কিত সনদ বা অন্যান্য কাগজপত্র ও সনদের জাল কপি দাখিল করেন অথবা জাল করেন, তাহা হইলে তাঁহার পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী কোন পরীক্ষায়ও তাঁহাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না, অধিকন্তু তাহার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাইবে।

(২) কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন পত্র প্রদানের পর, যে কোন সময়ে, কোন প্রার্থী সম্পর্কে উপ-বিধি (১) এর অধীন কোন তথ্য বা অভিযোগ পাওয়া গেলে, যথাযথ তদন্ত সাপেক্ষে, তাঁহার নিবন্ধন বাতিল করিয়া প্রত্যয়ন পত্র প্রত্যাহার করা হইবে এবং তিনি কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাইয়া থাকিলে উক্ত নিয়োগ বাতিল হইয়া যাইবে, নিয়োগ লাভের কারণে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য হইবে এবং তাহার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাইবে।

## প্রথম তফসিল

(বিধি-৫ ও ১০ দ্রষ্টব্য)

[ বেসরকারী শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ]

| ক্রমিক নং | বিষয় | ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| ১। | আবেদন পত্র | ৫০.০০ |
| ২। | পরীক্ষায় অংশ গ্রহণের জন্য | ২৫০.০০ |
| ৩। | প্রত্যয়ন পত্রের জন্য | ১০০.০০ |

## দ্বিতীয় তফসিল

(বিধি-৫ দ্রষ্টব্য)

[ বেসরকারী শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ]

**(ক) কলেজ, আইন মহাবিদ্যালয়, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা ঃ**

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | প্রভাষক (বিষয়ভিত্তিক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন দুইটিতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |
| ২। | প্রভাষক (আরবী) | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর কামিলসহ দাখিল, আলিম ও ফাজিল পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন দুইটিতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |
| ৩। | প্রভাষক (কম্পিউটার) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার প্রকৌশলী বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা ফলিত পদার্থবিদ্যা ও ইলেক্ট্রোনিক্স বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ৪। | প্রদর্শক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ৫। | শরীর চর্চা শিক্ষক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ বি, পি, এড এবং কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |

**(খ) নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল মাদ্রাসা ঃ**

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | সহকারী শিক্ষক (বাংলা) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়সহ স্নাতক ডিগ্রী ও বি, এড সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |
| ২। | সহকারী শিক্ষক (ইংরেজী) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৩০০ নম্বরের ইংরেজী পাঠ্য বিষয়সহ স্নাতক ডিগ্রী ও বি,এড অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |
| ৩। | সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পর্যায়ে সমাজবিজ্ঞান বিষয়সহ স্নাতক ও বিএড অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিস্ট বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |
| ৪। | সহকারী শিক্ষক (গণিত) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রী ও বি, এড অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ৫। | সহকারী শিক্ষক (সাধারণ বিজ্ঞান) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রী ও বি, এড অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |
| ৬। | সহকারী শিক্ষক (কৃষি) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল/জীববিদ্যা/উদ্ভিদবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা ডিডিএম অথবা চার বৎসর মেয়াদী কৃষি ডিপ্লোমা ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |
| ৭। | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |
| ৮। | সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত নহেন। |
| ৯। | সহকারী শিক্ষক (কম্পিউটার) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে চার বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ১০। | সহকারী শিক্ষক (বেসিক ট্রেড) | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১১। | সহকারী শিক্ষক (ধর্ম) | ইসলাম ধর্ম ঃ<br>কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর কামিলসহ দাখিল, আলিম ও ফাজিল পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন দুইটিতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে।<br>অন্যান্য ধর্ম ঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক অথবা স্নাতক (সম্মান) পরীক্ষার যে কোন দুইটিতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণী থাকিতে হইবে। |
| ১২। | সহকারী শিক্ষক (শরীর চর্চা) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকসহ বি, পি, এড ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক অথবা স্নাতক (সম্মান) পরীক্ষার যে কোন দুইটিতে অন্যূন দ্বিতীয় বা শ্রেণী থাকিতে হইবে। |
| ১৩। | সহকারী মৌলভী | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর ফাজিলসহ দাখিল ও আলিম পরীক্ষায় যে কোন একটিতে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ১৪। | ইবতেদায়ী প্রধান | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর ফাজিলসহ দাখিল ও আলিম পরীক্ষার যে কোন একটিতে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ১৫। | জনিয়র মৌলভী | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর ফাজিল ডিগ্রী থাকিতে হইবে। |
| ১৬। | ইবতেদায়ী ক্বারী | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর দাখিল (মুজাব্বিদ) পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

(গ) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

(অ) বেসরকারী পলিটেকনিক/টেক্সটাইল/কৃষি ইনিস্টিটিউট ঃ

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | ইনস্ট্রাক্টর (টেক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিভাগে বিএসসি (ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল টেকনোলজী/এজি) বা বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন বা উহার সমমানসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজীতে প্রথম শ্রেণীতে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল টেকনোলজী/কৃষি ডিপ্লোমাসহ অন্যান্য পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে এবং স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর পর্যায়ে জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক) বা সমমানের পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২। | ইনস্ট্রাক্টর (নন-টেক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |
| ৩। | জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক) | কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজীতে প্রথম বিভাগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা কৃষি ডিপ্লোমাসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪। | জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |

(আ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ব্যবসায় ব্যবস্থাপনা) ঃ

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি-ইন-কম্পিউটার সায়েন্স বা বিএসসি-ইন-কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা বিএসসি-ইন-কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রী; অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে চার বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার)সহ ৩(তিন) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; অথবা<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার)সহ ৫(পাঁচ) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২। | প্রভাষক (সেক্রেটারিয়েল সায়েন্স) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদী সম্মানসহ বহুভাষিক সেক্রেটারিয়েল সায়েন্সে কমপক্ষে ছয় মাসের প্রশিক্ষণ সার্টিফিকেট বা ডিপ্লোমা-ইন-কমার্স ডিগ্রী থাকিতে হইবে। ডিপ্লোমা-ইন-কমার্স গ্রাজুয়েটদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩। | প্রভাষক (হিসাব বিজ্ঞান) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা বিষয়ে চার বৎসর মেয়াদী ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান বা বিবিএ ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
| --- | --- | --- |
| ৪। | প্রভাষক (ব্যাংকিং) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা/ব্যাংকিং/ফিন্যান্স বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা/ব্যাংকিং/ফিন্যান্স বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা/ব্যাংকিং/ফিন্যান্স বিষয়ে চার বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান বা বিবিএ বা এমবিএ ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |
| ৫। | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে চার বৎসরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে। |
| ৬। | প্রভাষক (গার্হস্থ্য অর্থনীতি) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে চার বৎসরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে। |
| ৭। | প্রভাষক (মার্কেটিং এন্ড সেলসম্যানশীপ) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |
| | | (গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা বিষয়ে চার বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান বা বিবিএ ডিগ্রী থাকিতে হইবে। |
| ৮। | প্রভাষক (ওয়্যার হাউস এন্ড স্টোর কিপার) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা/মার্কেটিং বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |
| | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা/মার্কেটিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |
| | | (গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা/মার্কেটিং বিষয়ে চার বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান বা বিবিএ বা এমবিএ ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |
| ৯। | প্রভাষক (বাংলা) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |
| | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |
| | | (গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান ডিগ্রী থাকিতে হইবে। |
| ১০। | প্রভাষক (ইংরেজী) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |
| | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা |
| | | (গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান ডিগ্রী থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১১। | প্রভাষক (ব্যবস্থাপনা) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে চার বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান ডিগ্রী থাকিতে হইবে। |

### (ই) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) ঃ

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | ট্রেড ইনস্ট্রাক্টর | কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজীতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |
| ২। | ইনস্ট্রাক্টর (নন-টেক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএডসহ স্নাতক ডিগ্রীসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ থাকিতে হইবে। |

## তৃতীয় তফসিল

[ বিধি ৮ দ্রষ্টব্য ]

[ বেসরকারী শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ]

### পরীক্ষার বিষয়সমূহ

### (ক) প্রথম অংশ—আবশ্যিক বিষয়সমূহ

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় |
|---|---|
| ১। | বাংলা |
| ২। | ইংরেজী |
| ৩। | সাধারণ গণিত |
| ৪। | সাধারণ জ্ঞান |

## (খ) দ্বিতীয় অংশ –ঐচ্ছিক বিষয়সমূহ

(অ) কলেজ এবং আলিম ও তদূর্ধ্ব পর্যায়ের মাদ্রাসা ঃ

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় |
|---|---|
| ১। | বাংলা |
| ২। | ইংরেজী |
| ৩। | আরবী |
| ৪। | সংস্কৃত |
| ৫। | ইসলামী শিক্ষা |
| ৬। | রাষ্ট্র বিজ্ঞান |
| ৭। | আইন |
| ৮। | অর্থনীতি |
| ৯। | ইতিহাস |
| ১০। | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ১১। | দর্শন |
| ১২। | সমাজ বিজ্ঞান |
| ১৩। | সমাজ কল্যাণ |
| ১৪। | মনোবিজ্ঞান |
| ১৫। | ভূগোল |
| ১৬। | গার্হস্থ্য অর্থনীতি |
| ১৭। | ব্যবস্থাপনা |
| ১৮। | হিসাব বিজ্ঞান |
| ১৯। | মার্কেটিং |
| ২০। | ফিন্যান্স |
| ২১। | পদার্থ বিজ্ঞান |
| ২২। | রসায়ন |
| ২৩। | গণিত |
| ২৪। | উদ্ভিদ বিজ্ঞান |
| ২৫। | প্রাণীবিদ্যা |
| ২৬। | পরিসংখ্যান |

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় |
|---|---|
| ২৭। | মৃত্তিকা বিজ্ঞান |
| ২৮। | কৃষি |
| ২৯। | কম্পিউটার |
| ৩০। | আদব |
| ৩১। | তফসির |
| ৩২। | হাদিস |
| ৩৩। | ফিক্হ |
| ৩৪। | শারীরিক শিক্ষা ও ক্রীড়া |

**(আ) নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তর এবং দাখিল স্তরের মাদ্রাসা ঃ**

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় |
|---|---|
| ১। | বাংলা |
| ২। | ইংরেজী |
| ৩। | অর্থনীতি |
| ৪। | রাষ্ট্র বিজ্ঞান |
| ৫। | ইতিহাস |
| ৬। | ইসলাম শিক্ষা |
| ৭। | পালি |
| ৮। | সংস্কৃতি |
| ৯। | খ্রিস্ট ধর্ম |
| ১০। | পদার্থ বিজ্ঞান |
| ১১। | রসায়ন |

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় |
|---|---|
| ১২। | গণিত |
| ১৩। | কম্পিউটার বিজ্ঞান |
| ১৪। | প্রাণীবিদ্যা |
| ১৫। | উদ্ভিদ বিজ্ঞান |
| ১৬। | ভূগোল ও পরিবেশ বিজ্ঞান |
| ১৭। | কৃষি শিক্ষা |
| ১৮। | গার্হস্থ্য অর্থনীতি |
| ১৯। | শারীরিক শিক্ষা ও ক্রীড়া |
| ২০। | ব্যবসায় শিক্ষা |
| ২১। | বেসিক ট্রেড |
| ২২। | কুরআন ও তাজবিদ |
| ২৩। | ফিকাহ ও উসুলুল ফিকাহ |
| ২৪। | আরবী (আদব) |

(ই) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ঃ

মাধ্যমিক (ভোকেশনাল)

| ক্রমিক নং | ট্রেড/স্পেশালাইজেন/টেকনোলজীর নাম | পরীক্ষার বিষয় |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | এগ্রোবেজড ফুড | এগ্রিকালচার |
| ২। | অডিও ভিডিও সিস্টেম | ইলেকট্রনিক্স টেকনোলজী |
| ৩। | অটোমোটিভ | অটোমোবাইল টেকনোলজী |
| ৪। | বিল্ডিং মেইন্টটেন্যান্স | সিভিল টেকনোলজী |
| ৫। | উড ওয়ার্কিং | সিভিল/উড টেকনোলজী |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৬। | সিরামিক | সিরামিকস টেকনোলজী |
| ৭। | সিভিল কনস্ট্রাকশন | সিভিল টেকনোলজী |
| ৮। | কম্পিউটার | কম্পিউটার টেকনোলজী |
| ৯। | ড্রাফটিং (সিভিল) | সিভিল টেকনোলজী |
| ১০। | ড্রাফটিং (মেকানিক্যাল) | মেকানিক্যাল টেকনোলজী |
| ১১। | ড্রেস মেকিং এন্ড টেইলারিং | টেক্সটাইল টেকনোলজী |
| ১২। | ডাইং, প্রিন্টিং এণ্ড ফিনিশিং | টেক্সটাইল টেকনোলজী (গার্মেন্টস) |
| ১৩। | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্ক। | ইলেকট্রিক্যাল টেকনোলজী |
| ১৪। | ফার্ম মেশিনারী | পাওয়ার টেকনোলজী |
| ১৫। | ফিস কালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার |
| ১৬। | ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন | ফুড টেকনোলজী |
| ১৭। | জেনারেল মেকানিক্স | মেকানিক্যাল টেকনোলজী |
| ১৮। | লাইভস্টক এন্ড রিয়ারিং | এগ্রিকালচার (লাইভস্টক) |
| ১৯। | মেশিন টুলস অপারেশন | মেক্যানিক্যাল টেকনোলজী |
| ২০। | পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং | এগ্রিচকালচার (পোল্ট্রি) |
| ২১। | প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং | সিভিল টেকনোলজী |
| ২২। | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন টেকনোলজী |
| ২৩। | ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন | এগ্রিকালচার |
| ২৪। | উইভিং | টেক্সটাইল টেকনোলজী (উইভিং) |
| ২৫। | ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন | মেকানিক্যাল টেকনোলজী |
| ২৬। | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড | আর্কিটেকচার টেকনোলজী |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ২৭। | হোটেল ম্যানেজমেন্ট এন্ড ক্যাটারিং | হোটেল ম্যানেজমেন্ট এন্ড ক্যাটারিং টেকনোলজী |
| ২৮। | ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স | ইলেকট্রিক্যাল টেনোলজী |
| ২৯। | ফাউন্ড্রি ওয়ার্কস | মেকানিক্যাল টেকনোলজী |
| ৩০। | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | ইলেকট্রিক্যাল টেকনোলজী |
| ৩১। | গ্লাস | গ্লাস টেকনোলজী |
| ৩২। | ইনডাস্ট্রিয়াল ইলেকট্রনিক্স | ইলেকট্রনিক্স টেকনোলজী |
| ৩৩। | নিটিং | টেক্সটাইল টেকনোলজী (নিটিং) |
| ৩৪। | মিডওয়াইফরিং এন্ড নার্সিং | নার্সিং টেকনোলজী |
| ৩৫। | স্ত্রিম্পকালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার টেকনোলজী (স্ত্রিম্পকালচার এন্ড ব্রিডিং)। |
| ৩৬। | ওয়েল্ডিং ওয়ার্ক | মেকানিক্যাল টেকনোলজী |
| ৩৭। | উড ওয়ার্কিং কারপেন্ট্রি | সিভিল/উড টেকনোলজী |
| ৩৮। | রেডিও এন্ড টেলিভিশন | ইলেকট্রনিক্স টেকনোলজী |
| ৩৯। | স্পিনিং | টেক্সটাইল (স্পিনিং) |
| ৪০। | কম্পিউটার অপারেশন | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং |
| ৪১। | সেক্রেটারিয়েল সায়েন্স | ব্যবস্থাপনা |
| ৪২। | উদ্যোক্তা উন্নয়ন | ব্যবস্থাপনা |
| ৪৩। | ব্যাকিং | ফিন্যান্স/ব্যাকিং/ব্যবস্থাপনা |
| ৪৪। | হিসাব বিজ্ঞান | হিসাব বিজ্ঞান |
| ৪৫। | গার্হস্থ্য অর্থনীতি | গার্হস্থ্য অর্থনীতি |
| ৪৬। | মার্কেটিং এন্ড সেলসম্যানশীপ | মার্কেটিং |
| ৪৭। | ওয়ার হাউস এন্ড স্টোর কিপিং | মার্কেটিং |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৪৮। | সিভিল | সিভিল ইঞ্জিনিয়ারিং |
| ৪৯। | মেকানিক্যাল | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৫০। | ইলেকট্রিক্যাল | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ৫১। | কম্পিউটার | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং |
| ৫২। | অটোমোবাইল | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/অটোমোবাইল টেকনোলজী |
| ৫৩। | আর্কিটেকচার | আর্কিটেকচার টেকনোলজী/ ইঞ্জিনিয়ারিং |
| ৫৪। | কেমিক্যাল | কেমিক্যাল টেকনোলজী/ ইঞ্জিনিয়ারিং |
| ৫৫। | ফুড | ফুড টেকনোলজী/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৫৬। | পাওয়ার | পাওয়ার টেকনোলজী/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৫৭। | ইলেকট্রনিক্স | ইলেকট্রনিক্স টেকনোলজী/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ৫৮। | সিরামিক | সিরামিক টেকনোলজী/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৫৯। | গ্লাস | গ্লাস টেকনোলজী/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৬০। | গ্রাফিক রিপ্রোডাকশন | গ্রাফিক টেকনোলজী/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং |
| ৬১। | অফসেট প্রিন্টিং | প্রিন্টিং টেকনোলজী/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৬২। | সার্ভেয়িং | সার্ভেয়িং/সিভিল টেকনোলজী/সিভিল ইঞ্জিনিয়ারিং |
| ৬৩। | মেরিন | মেরিন টেকনোলজী/নেভাল আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ৬৪। | শিপ বিল্ডিং | শিপ বিল্ডিং টেকনোলজী/নেভাল আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ৬৫। | এগ্রিকালচার | এগ্রিকালচার |
| ৬৬। | টেক্সটাইল | টেক্সটাইল টেকনোলজী |

## চতুর্থ তফসিল

[বিধি-৫, ৬ ও ১০ দ্রষ্টব্য]

[ বেসরকারী শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ]

ফরম-১

ক্রমিক নং

ক্রমিক নম্বর.............

আবেদন পত্র

(প্রথম পৃষ্ঠা)

ছবি
(আঠা দিয়ে সংযুক্ত করিতে হইবে)

সচিব

বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

ঢাকা

বিষয় ঃ বেসরকারী শিক্ষক পদে নিবন্ধন ও প্রত্যয়নের আবেদন।

১. প্রার্থীর নাম (ক) বাংলায় ঃ

(খ) ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ

২. জন্ম তারিখ ঃ

৩. আবেদনের তারিখে বয়স ঃ

৪. পিতার নাম ঃ

৫. মাতার নাম ঃ

৬. বর্তমান ঠিকানা ঃ

৭. স্থায়ী ঠিকানা ঃ

৮. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | বোর্ড/বিশ্ববিদ্যালয় | পঠিত বিষয়সমূহ |
|---|---|---|---|
| | | | |

৯. জাতীয়তা ঃ

১০. ধর্ম ঃ

১১. অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

১২. পদের নাম ঃ

১৩. ঐচ্ছিক বিষয় ঃ

১৪. যে ভাষায় পরীক্ষা দিতে ইচ্ছুক উহার উপর টিক চিহ্ন দিন ঃ বাংলা/ইংরেজী/আরবী/ফারসী/সংস্কৃত/উর্দু/ফরাসী/অন্য কোন ভাষা হইলে পৃথকভাবে উল্লেখ করুন।

তারিখ ঃ

প্রার্থীর স্বাক্ষর

(দ্বিতীয় পৃষ্ঠা)

(প্রার্থীর জ্ঞাতার্থে পরীক্ষার বিষয়সমূহ দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত থাকিবে)

ফরম-২

বৈধ আবেদনপত্র বাছাই ও প্রবেশপত্র ইস্যু রেজিষ্টার

বাছাই নম্বর............ সাল.................

| ক্রমিক নং | নাম | পিতা/মাতা/স্বামীর নাম | জন্ম তারিখ | ঠিকানা | শিক্ষাগত যোগ্যতা | বিষয় | প্রবেশপত্র ইস্যুর তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

ফরম-৩

শিক্ষক নিবন্ধন রেজিষ্টার

ব্যাচ নম্বর............ সাল.................

| নিবন্ধন নং | নাম | পিতা/মাতা/স্বামীর নাম | জন্ম তারিখ | ঠিকানা | শিক্ষাগত যোগ্যতা | বিষয় |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

ফরম-৪

নম্বর ০০০০০০

ছবি

বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

ঢাকা

নিবন্ধন নং /২০০.....

প্রত্যয়ন পত্র

প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/বেগম(বাংলায়) ................................................................ Mr./Ms. (ইংরেজীতে).......................................... পিতা/স্বামী.................................................. মাতা.................................... গ্রাম/মহল্লা......................... ডাকঘর.............................................. উপজেলা/থানা.................. জেলা......................... এই কর্তৃপক্ষ কর্তৃক............. সালের........... মাসে গৃহীত পরীক্ষায় অংশগ্রহণ করিয়া উত্তীর্ণ হইয়াছেন। ঐ পরীক্ষায় তাহার রোল নম্বর ছিল...............। .............. সনের নিবন্ধন রেজিষ্টারে তাহার নিবন্ধন নম্বর................... ।

তিনি বাংলাদেশের যে কোন বেসরকারী কলেজ, আইন মহাবিদ্যালয়, আলীম, ফাজিল ও কামিল, নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল মাদ্রাসা, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে............বিষয়ের শিক্ষক হিসাবে নিয়োগের জন্য উপযুক্ত।

তারিখ

ঢাকা...........২০০.......... সচিব চেয়ারম্যান

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোমতাজুল ইসলাম**

সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।